

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-১ অধিশাখা
www.mofl.gov.bd

নং ৩৩.০০.০০০০.১১৭.১১.০০১.১৭-১৮৫

তারিখঃ ১২ বৈশাখ ১৪২৪
২৫ এপ্রিল ২০১৭

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ/০২ এপ্রিল, ২০১৭ খ্রিষ্টাব্দ তারিখের নম্বর ০৫.০০.০০০০.১৪৭.৩৫.০০৬.১৬-৮২ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সরকারি কর্মকমিশন কর্তৃক গৃহীত ৩৫তম বিসিএস পরীক্ষা, ২০১৪ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ০৬/০৯/২০১৬ খ্রি. তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৬.২০১৫/২১৩ সংখ্যক পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ১৬ (ক) নম্বর অনুচ্ছেদে বর্ণিত ৩৪ (চৌত্রিশ) জন ভেটেরিনারি সার্জন/বৈজ্ঞানিক কর্মকর্তা/প্রভাষক এবং ১৬ (খ) নম্বর অনুচ্ছেদে বর্ণিত হাঁস-মুরগী উন্নয়ন কর্মকর্তা/সহকারী হাঁস-মুরগী সম্প্রসারণ কর্মকর্তা/ প্রভাষক পদে ০৭ (সাত) জন কে বিসিএস (লাইভস্টক) ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ ও পদায়ন প্রদান করা হলঃ

- (ক) তাঁকে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়েদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (খ) উক্ত বুনিয়েদি প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেদৃশ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- (ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনক ভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;
- (ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;
- (চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (ছ) ৩৫তম বি.সি.এস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- (জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজ্ঞীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (ট) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;
- (ঠ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না;
- (ড) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিক ভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

২। অনুচ্ছেদ-১- এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৯ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০২ মে, ২০১৭ খ্রিষ্টাব্দ পূর্বাঙ্কে আবশ্যিকভাবে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকায় যোগদানকরতঃ একইদিন সকাল ১১.০০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের সম্মেলন কক্ষে অবহিতকরণ কোর্সে (২, ৩ ও ৪ মে, ২০১৭) অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হল। ২, ৩ ও ৪ মে, ২০১৭ পর্যন্ত অবহিতকরণ কোর্সে যোগদানকৃত কর্মকর্তাগণ অবহিতকরণ কোর্স সমাপনান্তে ৪ মে, ২০১৭ তারিখ অপরাহ্নে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে অবমুক্তির সনদসহ নিম্নবর্ণিত ছকে তাঁর নামের পার্শ্বে পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হল। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।



অ:পু:-২

